



# ঢাকা প্রকাশ

সততাই শক্তি, সুসাংবাদিকতায় মুক্তি

১৬-০২-২০২২, অনলাইন

## ইস্ট ওয়েস্টের লাইব্রেরিতে অনলাইন আলোচনা সভা



০ ১৬ ফেব্রুয়ারি ২০২২, ০৮:০৬ পিএম | আগতে: ২২ ফেব্রুয়ারি ২০২২, ০৮:০৪ এএম



বাংলাদেশের অন্যতম প্রধান বেসরকারী বিশ্ববিদ্যালয় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে জাতীয় গ্রন্থাগার দিবস, ২০২২ উপলক্ষে আলোচনা সভা আয়োজিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়টির বিশাল গ্রন্থাগারে 'অতিমারিতে ডিজিটাল লাইব্রেরি কার্যক্রম' শিরোনামের এই অনলাইন সভার আয়োজন করা হয়েছে।

ডিজিটাল লাইব্রেরি আলোচনাটি হয়েছে ১৫ ফেব্রুয়ারি, সন্ধ্যায়।

মূল প্রবন্ধ উপস্থাপন করেছেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির তথ্য শিক্ষা ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারপারসন ও বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক অধ্যাপক ড. দিলারা বেগম।

ড. দিলারা বেগম, কোভিড ১৯ চলার মধ্যে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরি যে পরিবেশাগুলো প্রদান করছে, সেগুলোর ওপর বিস্তারিত বক্তব্য প্রদান করেছেন।

এই আলোচনা সভায় বক্তব্য রেখেছেন-ইস্ট ওয়েস্টের বোর্ড অব ট্রাস্টিজের অন্যতম সদস্য ড. জয় সামাদ, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ জিয়াউল হক মামুন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক, ইস্ট ওয়েস্টের উপ-গ্রন্থাগারিক মতিউর রহমান প্রমুখ।